দৈনিক সংবাদ

তারিখ 20 AUG 1992
পৃষ্ঠা ৫ কলাম ৪

123


# নিরাশা প্রাথমিক বিদ্যালয়টি আশার আলো দেখেনি ১৯ বছরেও

নীলফামারী, ১৯ই আগস্ট।– উত্তর সোনাখুলী নিরাশা বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ১৯ বছরেও সরকারী হয়নি। অথচ এর অনেক পরের বিদ্যালয়ও সরকারী হয়েছে।

এটি সৈয়দপুর থানার বোতলাগাড়ী ইউনিয়নের সীমানা এলাকা সোনাখুলী গ্রামে অবস্থিত। এলাকার বিত্তবান ব্যক্তির সহায়তায় ১৯৭৩ সালে ৩৩ শতক জমির ওপর এটি স্থাপন করা হয়। দো-চালা টিনের এই বিদ্যালয়টি ঝড়ে পড়ে গেল আর টিন ছাউনি দেয়া সম্ভব হয়নি। পরে কোনমতে ছনের ছাউনি দিয়েই ক্লাস চালানো হচ্ছে। বিদ্যালয়টির আশপাশে প্রায় দেড় মাইল এলাকা জুড়ে অন্য কোন বিদ্যালয় নেই। তাই এলকার শিশু-কিশোরদের বাধ্য হয়েই এই বিদ্যালয়ে পড়তে আসতে হয়।

বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ২শ' ৭৩ জন এবং শিক্ষক-শিক্ষিকা আছেন ৪ জন। শিক্ষকরা বিনা বেতনে কাজ করছেন ভবিষ্যতের আশায়। অবশ্য এটি বেসরকারীভাবে রেজিস্ট্রেশন পায় ১৯৭৮ সালে। এর অনেক পরে স্থাপিত ও রেজিস্ট্রেশন-প্রাপ্ত কয়েকটি বিদ্যালয়কে সরকারীকরণ করা হয়েছে এই থানায়। কিন্তু সোনাখুলীর এই নিরাশা বিদ্যালয়টিতে আশার আলো দেখা যায়নি ১৯ বছরেও। অথচ থানা ও জেলা শিক্ষা কর্মকর্তাদের মতে সরকারী হওয়ার সকল গুণাবলী রয়েছে এই বিদ্যালয়ের।

– আমিনুল হক



*নীলফামারী ঃ উত্তর সোনাখুলী নিরাশা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়। —সংবাদ*